তারিখ ... 03 FEB 1992
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

দৈনিক ইনকিলাব

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র দলের অন্তর্দ্বন্দ্বের ফলে সংঘর্ষ ॥ আহত ১৫

॥ রাজশাহী অফিস ॥

২ ফেব্রুয়ারী।— ছাত্র দলের আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে গতকাল শনিবার দিবাগত রাত চারটায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাদারবক্স হলে ছাত্র দলের একটি পক্ষ অপর পক্ষের উপর হামলা চালালে কমপক্ষে ১৫ জন আহত হয়। এদের মধ্যে ৩ জনকে মারাত্মক আহত অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতরা জানান, শেষ রাতে আকস্মিকভাবে হল এলাকায় গুলীর শব্দে ঘুম ভেঙে যায়। দরজা খুলে বাইরে আসতে গেলে দেখা যায়, বাইরে থেকে তালাবদ্ধ। এসব কক্ষগুলো হলো ৩২৮, ৩৩৪, ৩৩৫, ৩৩৬, ১৫৫, ১৪১,

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

২১০, ৪৩৭, ৩১১ এবং ২০৬। সবগুলো কক্ষই ছাত্র দল কর্মীদের। গুলী বর্ষণের পর শুরু হয় একেকটি কক্ষ খুলে কর্মীদের লোহার রড, হকিস্টিক ও চাকু দিয়ে বেধড়ক মার। এক পর্যায়ে মারাত্মক আহত অবস্থায় অনার্স ফাইনাল ইয়ার (বাংলা) ছাত্র এবং ছাত্র দলের মাদারবক্স হল শাখার সহ-সাধারণ সম্পাদক রবিউল ইসলাম বুলেটকে লাথি দিয়ে তিনতলা থেকে নীচে ফেলে দেয়। মারাত্মক আহত অপর দু'জন হলো ইসলামের ইতিহাস বিভাগের মাস্টার্স ফাইনাল ইয়ারের ছাত্র ও ছাত্র দলের বিশ্ববিদ্যালয় কমিটির সহ-সাধারণ সম্পাদক রাজ্জাক এবং বাবলু।

আজ সকালে ক'জন বিএনপি নেতা আহতদের হাসপাতালে দেখতে গেলে আহতদের চিৎকার করে বলতে শোনা যায়, আপনারা কেন এসেছেন? এর আগে আপনাদের হাতে পায়ে ধরেছি বিরোধ মীমাংসার জন্য।